

ইন্দোরামা ভেনচার্স পাবলিক কোম্পানি লিমিটেড

বহুমুখী নীতি

(১৭ই ফেব্রুয়ারী তারিখে পরিচালনা পর্ষদের মিটিং নং ১/২০১৭ দ্বারা আনুমোদিত)

- মন্তব্য -

এই নীতিতে প্রণীত কোনো বিধান যদি স্থানীয় আইন, নিয়ম ও প্রবিধানের বিরোধিতা করে; সেইক্ষেত্রে স্থানীয় আইন, নিয়ম ও প্রবিধানই প্রাধান্য পাবে এবং প্রযোজ্য হবে।

ইন্দোরামা ভেনচার্স এর বহুমুখী নীতি

ইন্দোরামা ভেনচার্স তার অতীব বৈচিত্রময় এবং প্রতিভাবান মানবসম্পদকে একটি প্রতিযোগিতামূলক সুযোগ হিসেবে স্বীকৃতি দেয়। আমাদের ব্যবসার সাফল্য আমাদের কর্মচারীদের গুণাবলী ও কর্মদক্ষতার প্রতিফলন মাত্র। আমাদের কোম্পানী অব্যাহত ব্যবসা বৃদ্ধি এবং কর্মক্ষমতা নিশ্চিত করার জন্য, উৎকৃষ্টতম মানবপ্রতিভার সন্ধান এবং সেটিকে ধরে রাখার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

বহুমুখী ব্যবস্থাপনা ব্যক্তি, দল, সমগ্র কোম্পানী তথা গ্রাহকদের জন্য লাভদায়ক। আই.ভি.এল উপলব্ধি করে যে প্রতিটি কর্মী তাদের নিজস্ব অনন্য ক্ষমতা, অভিজ্ঞতা এবং বৈশিষ্ট্য কর্মক্ষেত্রে নিয়ে আসে। কোম্পানী সর্বস্তরে এবং প্রতিটি কার্যকলাপে এই বৈচিত্রের সঠিক মূল্যায়ণ ও মর্যাদা দিয়ে থাকে।

আই.ভি.এল সকলের সাথে যথার্থ সম্মান ও মর্যাদাপূর্ণ আচরণে বিশ্বাসী। আমরা একটি সমর্থনপূর্ণ ও সহানুভূতিশীল পরিবেশ গড়ে তুলতে এবং তার প্রতিপালনে সচেষ্টিত যাতে বৈচিত্র এবং বৈষম্য নির্বিশেষে প্রত্যেকটি ব্যক্তি কর্মক্ষেত্রে তার সর্বোত্তম কর্মক্ষমতা প্রদর্শন করতে পারে। আই.ভি.এল উৎকৃষ্টতম কার্যসম্পাদনের উদ্দেশ্যে উৎকৃষ্টতম মানসম্পদ নিয়োগের জন্য প্রতিজ্ঞাবদ্ধ। কোম্পানী আমাদের কর্মীদের মধ্যে, আমাদের গ্রাহক তথা পণ্যবিপণির বহুমুখীতার এবং বৈচিত্রের প্রতিফলনের গুরুত্ব স্বীকার করে। অসম এবং নানাবিধ গ্রাহকদের গুণগত পণ্য এবং উচ্চমানের পরিষেবাগুলি জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে সরবরাহ করার ক্ষমতা প্রদান করে আমাদের বহুমুখী প্রতিভাসম্পন্ন এবং ক্ষমতা সমন্বিত লোকবল।

আই.ভি.এল এর বহুমুখীতা বহুমাত্রিক। জাতিতত্ত্ব, লিঙ্গ, ভাষা, বয়স, যৌন-প্রবৃত্তি, ধর্ম, শারীরিক ও মানসিক ক্ষমতা, চিন্তাশৈলী, অভিজ্ঞতা, শিক্ষা এবং আর্থ-সামাজিক অবস্থা নির্বিশেষে এই বহুমুখীতা পরিলক্ষিত।

আমরা বিশ্বাস করি যে এই ধরনের বহুমুখীতা থেকে যে সুবিন্যস্ত দৃষ্টিভঙ্গির উদ্ভব হয়, সেটাই আমাদের ব্যবসায়িক সাফল্য ও সৃজনশীলতার মূল মন্ত্র। বহুমুখীতা আমাদের আরও সৃজনশীল, সহনশীল, উৎপাদনশীল এবং প্রতিযোগিতাপরায়ণ করে তোলে।

একটি বিশ্বব্যাপী সংস্থা হিসাবে, আই.ভি.এল সমগ্র বিশ্ব থেকে কর্মী নিয়োগ করে থাকে। আই.ভি.এল বিশ্বাস করে যে কর্মীদের বিভিন্ন সংস্কৃতি, ভাষা ও জাতীয় প্রেক্ষাপটের বৈচিত্র, আন্তর্জাতিক বাজারের জটিলতা বোঝার জন্য মূল্যবান জ্ঞান প্রদান করে এবং সেইজন্য কোম্পানী সবাইকে সমান সুযোগ প্রদান করে থাকে।

আই.ভি.এল কর্মচারীদের পুরস্কৃত করে থাকে। কর্মক্ষমতা এবং কার্যসম্পাদন ক্ষমতার উপর ভিত্তি করে সব কর্মচারীদের পদোন্নতি হয়ে থাকে। আধিকারিকগণ সব কর্মচারীদের নিরপেক্ষ এবং বিষয়মুখী মূল্যায়ণ নিশ্চিত করেন।

এই নীতি প্রশিক্ষণ, কাজের আবর্তন, বেতনশৃঙ্খলা, সুযোগ-সুবিধা, শাস্তিমূলক-ব্যবস্থা এবং বরখাস্ত-ব্যবস্থা সহ সব কর্মীকেন্দ্রিক সিদ্ধান্তের ক্ষেত্রে প্রযোজ্য। আই.ভি.এল একটি বহুমুখী এবং সামুদায়িক পরিবেশ বহনকারী কর্মক্ষেত্রের প্রবর্ধক, যেখানে প্রতিটি কর্মচারী একে অপরের সাথে সম্মান এবং মর্যাদাপূর্ণ আচরণ করে। ভবিষ্যতে যে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা রোধ করার উদ্দেশ্যে সব ধরনের বৈষম্য বা হয়রানির জন্য সুস্পষ্ট প্রতিবেদন পদ্ধতি এবং অনুসরণী কার্যপ্রণালী পদ্ধতি কোম্পানীতে আছে।

-- : --